গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩. ১৬৭

তারিখ: ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫০০০/২০২৫ এর নির্দেশনার আলোকে অত্র কার্যালয়ে জনাব মোছাঃ নারজুস আরা বেগম এর দাখিলকৃত আবেদনপত্র নিষ্পত্তিকরণ, এমপিও বন্ধকরণ বিষয়ে মহাপরিচালক, মাদ্রাসা অধিদপ্তরেকে পত্র প্রেরণ এবং দন্ডবিধির ৪৬৭ ধারায় মামলার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

সূত্র-১: অত্র কার্যালয়ের ইউ.ও. নোট নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০০৫.০৪.০০০১.২১.১১১; তারিখ: ২৫/০১/২০২৬
সূত্র-২: এ কার্যালয়ে জনাব মোছাঃ নারজুস আরা বেগম কর্তৃক দাখিলকৃত আবেদন।
সূত্র-৩: অত্র কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৮; তারিখ: ০৭/০১/২০২৫
সূত্র-৪: অত্র কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১২২; তারিখ: ২৯/০১/২০২৬
সূত্র-৪: অত্র কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১৪৭; তারিখ: ০৩/০২/২০২৬
সূত্র-৫: অত্র কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১৪৮; তারিখ: ০৩/০২/২০২৬
সূত্র-৬: অত্র কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১৪৯; তারিখ: ০৩/০২/২০২৬

উপযুক্ত বিষয় ও সূত্র-২ এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোছাঃ নারজুস আরা বেগম, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), সেরুডাঙ্গা দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর তার শিক্ষক নিবন্ধন সনদটি এনটিআরসিএ-এর ডাটাবেজে অন্তর্ভুক্ত করার জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন দায়ের করেন। মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী বিষয়টি আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে অত্র কার্যালয়ে শুনানী গ্রহণ করা হয় এবং সংরক্ষিত নথি পর্যালোচনা করা হয়।

এ কার্যালয়ে সংরক্ষিত ২০০৮ সালের ৪র্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফলাফল যাচাইঅন্তে দেখা যায় যে, তিনি পরীক্ষায় অংশগ্রহণ করলেও উত্তীর্ণ হননি। ০৩/০২/২০২৬ খ্রি. তারিখে শুনানীর সময় তিনি তার মূল শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদর্শন করতে ব্যর্থ হন। মূল প্রত্যয়নপত্র সহ পিটিশনারকে, সংশ্লিষ্ট মাদ্রাসা সুপার, এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর কে ০৮/০২/২০২৬ তারিখে শুনানীতে অংশগ্রহণের জন্য পত্র প্রেরণ করা হলে শুধুমাত্র উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শুনানীতে উপস্থিত হয়ে জনাব মোছাঃ নারজুস আরা বেগম এর কাগজপত্র যাচাই করে সরকারি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর গত ২৯/১২/২০২৪ খ্রি. তারিখের উমাশিঅ/মিঠা/রং/NTRCA শিক্ষক-১৩/২০২৪/৩০৮ সংখ্যক স্মারকে তার শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাইয়ের জন্য অত্র অফিসে প্রেরণ করেন। তদানুযায়ী এ কার্যালয় থেকে প্রত্যয়নপত্র যাচাই করে জাল প্রতীয়মান হওয়ায় উক্ত প্রত্যয়নপত্রটি ০৭/০১/২০২৫ তারিখের ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৮ সংখ্যক স্মারক মূলে জাল ও ভূয়া মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, যেহেতু জনাব মোছাঃ নারজুস আরা বেগম এর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রটি জাল ও ভূয়া, সেহেতু বেসরকারি এমপিভুক্ত মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) হিসাবে তার নাম এনটিআরসিএ এর ওয়েবসাইট ও অনলাইনে অন্তর্ভুক্ত করার কোন সুযোগ নেই।

উল্লেখ্য, জাল ও ভুয়া শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের ভিত্তিতে কর্মরত থাকায় জনাব মোছাঃ নারজুস আরা বেগম এর এমপিও (MPO) বন্ধকরণসহ আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ করে মহাপরিচালক, মাদ্রাসা অধিদপ্তরেকে পত্র প্রেরণ করা হয়েছে। এনটিআরসিএ এর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র জাল করে শিক্ষকতা করায় দন্ডবিধির ৪৬৭ ধারায় মামলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদন

১০/০২/২০২৬
পরিচালক (উপসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

জনাব মোছাঃ নারজুস আরা বেগম
পিতা: মোঃ মোজাহিদুল ইসলাম
মাতা: মোছাঃ শাহানারা বেগম
ডাকঘর: সেরুডাঙ্গা
উপজেলা: মিঠাপুকুর
জেলা: রংপুর

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এমপিও নীতিমালা অনুসারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২। চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, ঢাকা
৩. সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর
৬.. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ- এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৭. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা ( চেয়ারমান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৮

**বিষয়: শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই।**
সূত্র: তাঁর প্রতিষ্ঠানের স্মারক নম্বর: উমাশিঅ/মিঠা/রং/ NTRCA/ শিক্ষক-১৩/২০২৪/৩০৮ তারিখ: ২৯/১২/২০২৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষকদের দাখিলকৃত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাইক্রমে নিম্নরূপ তথ্য পাওয়া যায়:

| ক্র: নং | নাম, পিতা ও মাতার নাম | রোল, রেজিঃ, সন ও পরীক্ষা নং | পদ ও বিষয় | এনটিআরসিএ'র মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | নাম: Most. Narjus Ara Begum<br>পিতা: Md. Yousuf Uddin Sarkar | রোল নম্বর: 11610418<br>রেজি নম্বর: 80003106/2008<br>4th Teachers' Registration Examination-2008 | পদবি: Assistant Teacher, Social Science<br>বিষয়: Social Science | 2008 সালের 4th শিক্ষক নিবন্ধন পরীক্ষার 11610418 রোল নম্বর সম্বলিত Most. Narjus Ara Begum পিতা: Md. Yousuf Uddin Sarkar এর দাখিলকৃত প্রত্যয়নপত্রটির সাথে এ প্রতিষ্ঠানে সংরক্ষিত ফলাফলের মিল নাই।<br>সংগত কারণে প্রতীয়মান হয় প্রত্যয়নপত্রটি সঠিক নয় । দাখিলকৃত প্রত্যয়নপত্রটি জাল ও ভুয়া। |

উপরোক্ত ছকে ক্রমিক নং ১ এ বর্নিত প্রত্যয়নপত্রধারী ব্যক্তি রেকর্ডপত্রদৃষ্টে জাল/জারিয়াতির আশ্রয় নিয়েছেন মর্মে দলিলদৃষ্টে প্রতীয়মান হয়েছে। উক্ত জাল ও ভুয়া প্রত্যয়নপত্রধারী ব্যক্তির বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হতে থানায় মামলা দায়েরপূর্বক অত্রাফিসকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ARahman
০৭-০১-২০২৫
ড. এস এম আতিয়ার রহমান
সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

মিঠাপুকুর, রংপুর।

**স্মারক নম্বর:** ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৮/১ (৭)

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: মিঠাপুকুর, রংপুর।

৪। অফিসার ইনচার্জ, থানা: মিঠাপুকুর, রংপুর।

৫। জেলা শিক্ষা অফিসার, জেলা: রংপুর।।

৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (পত্রটি এনটিআরসিএ- এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৭। পি.এ টু চেয়ারম্যন, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যন মহোদয়ের সদয় অবগতির জন্য)।

MRahman

০৭-০১-২০২৫
ড. এস এম আতিয়ার রহমান
সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)